দৈনিক সংবাদ

04 MAR 1988
তারিখ ... ... 5 7 ... ...
পৃষ্ঠা ... ... ... ... ...

# ঝিনাইদহে বিনামূল্যে বিতরণের বিপুল সংখ্যক পাঠ্যবই বিলি করা হয়নি

ঝিনাইদহ, ২রা এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।— ঝিনাইদহ জেলায় বিনামূল্যে বিতরণের ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণীর বিপুল সংখ্যক সরকারী পাঠ্যবই এখনো বিলি করা হয়নি। উপযুক্ত সংরক্ষণের অভাবে বইগুলি বিনষ্ট হয়ে যাচ্ছে। তাছাড়া ১৯৯০ সালে নতুন পাঠ্যক্রম চালু হলে এগুলি ছাত্রছাত্রীদের আর কোন কাজেও আসবে না।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস থেকে পাওয়া হিসেবে ঝিনাইদহ সদর উপজেলাসহ জেলার ৬টি উপজেলায় ১ম থেকে ৫ শ্রেণীর ৬৫ হাজার ৭শ' ১১ কপি বিভিন্ন বিষয়ের বিনামূল্যে বিতরণের সরকারী পাঠ্যবই বিলি করা হয়নি। সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসগুলো থেকে দেয়া তথ্যের ভিত্তিতে জেলা শিক্ষা অফিস অবিলিকৃত বইয়ের যে হিসেব দিয়েছে তা সঠিক নয়। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসগুলো অবিলিকৃত পাঠ্য বইয়ের সংখ্যা কম করে দেখিয়েছে। প্রকৃতপক্ষে অবিলিকৃত বইয়ের সংখ্যা অনেক বেশী, লক্ষাধিক কপির ওপর, যার গড় মূল্য ৫ লক্ষাধিক টাকারও বেশী।

অন্যদিকে অভিযোগ রয়েছে, উপজেলার প্রাথমিক অফিসের গুদামগুলিতে এসব বই গাদি করে ফেলে রাখা হয়েছে। উপযুক্ত সংরক্ষণের কোন ব্যবস্থা নেই, অযত্ন অবহেলায় বইগুলি নষ্ট হয়ে যাচ্ছে। তাছাড়া শিক্ষা বর্ষের ৩ মাস পার হয়ে গেছে।